328

দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR 27 1999
পৃষ্ঠা ৪ কলাম ১

## শিক্ষিকা নিয়োগে হয়রানি

পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ থানাধীন শ্রীনগর মাধ্যমিক বিদ্যালয়টি বহু পুরাতন। অত্র বিদ্যালয়ে শূন্যপদে মহিলা শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশের পর চার জন মহিলা প্রার্থী দরখাস্ত করেন। স্কুল ম্যানেজিং কমিটি নিয়োগ বিধি অনুযায়ী নির্বাচনী বোর্ড গঠন করিয়া গত ১৯শে মার্চ প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়। পরীক্ষায় সর্বোচ্চ নম্বর (৫০-এর মধ্যে ৩০) পাইয়া যিনি ১ম স্থান অধিকার করিয়াছেন, ম্যানেজিং কমিটি তাঁহাকে নিয়োগদানে টালবাহানা করিতেছেন। বর্তমানে উক্ত নির্বাচন বাতিল করিয়া পুনরায় নূতন বিজ্ঞপ্তি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে এবং শীঘ্রই তাহা পত্রিকায় প্রকাশ পাইবে বলিয়া শোনা যাইতেছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন এই যে, উল্লেখিত অনিয়ম সম্পর্কে তদন্ত করিয়া প্রথম স্থান অধিকারিণীকে উক্তপদে নিয়োগ করা হউক।

মোঃ আজিজুল বাসার
প্রধান শিক্ষক, কিসমত শ্রীনগর,
সরকারী প্রাথমিক বিদ্যালয়,
ডাকঃ বাজিতা, থানাঃ মির্জাগঞ্জ
জেলাঃ পটুয়াখালী।